


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.shed.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও., পাঠদান, স্বীকৃতি, বিষয় খোলা, বিভাগ খোলা, নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনসহ শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে প্রতারক চক্র শিক্ষা মন্ত্রণালয় এর নামে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পত্রের মাধ্যমে এবং ফোনে টাকা দাবি করছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ সব বেআইনী কার্যক্রমের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কোনো সংশ্লিষ্টতা নেই। সর্বসাধারণকে সুস্পষ্টভাবে অবহিত করা হচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের যে কোন কাজে টাকা-পয়সা প্রদানের কোন সুযোগ নেই।

এ ধরনের প্রতারক চক্র থেকে সংশ্লিষ্ট সকলকে সাবধান থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও., পাঠদান, স্বীকৃতি, বিষয় খোলা, বিভাগ খোলা, নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও নাম পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত সকল নির্দেশাবলি এ বিভাগের দাপ্তরিক ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কেবল ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশাবলি ও পত্রাদির ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


২৮/১/২০১৬
(মোহাম্মদ আফরাজুর রহমান)
উপ-প্রধান তথ্য কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯৫৭৬৮৭৮